গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।

বিজ্ঞপ্তি নং-১১৩/নসক/২০১৮ তারিখ ঃ ৩০/০৮/২০১৮

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ শিক্ষাবর্ষে অনার্স পার্ট-১ এ ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত শর্ত পূরণ সাপেক্ষে আগামী ০১/০৯/১৮ ইং তারিখ হতে ১৯/০৯/২০১৮ ইং তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইট (www.nu.edu.bd/admissions) এ প্রবেশ করে নির্দেশনা মোতাবেক সতর্কতার সাথে আবেদন ফরম পূরণ করতে হবে। পূরণকৃত আবেদন ফরমের প্রিন্ট কপি সংগ্রহ করে প্রয়োজনীয় কাগজপত্র সহ **আগামী ২০/০৯/২০১৮ইং তারিখের মধ্যে অবশ্যই কলেজের পরীক্ষা শাখায় মোঃ আব্দুল মান্নান-এর নিকট জমা দিতে হবে।** **উল্লেখ্য যে, ২১/০৯/২০১৮ ইং তারিখের পর কোন অবস্থাতেই ভর্তি সংক্রান্ত আবেদন ফরম গ্রহণ করা হবে না এবং ত্রুটিপূর্ণ আবেদন ফরম জমা দিলে কোন প্রকার যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।**

**১। প্রয়োজনীয় শর্তাবলী ঃ**

(ক) আবেদনকারী উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যে শাখা হতে উত্তীর্ণ হয়েছে সে শাখার জন্য নির্ধারিত আবেদন ফরম পূরণ করতে হবে। কোন অবস্থাতেই শাখা পরিবর্তন করে আবেদন ফরম পূরণ করা যাবে না। তবে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গার্হস্থ্য অর্থনীতি শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা মানবিক শাখার আবেদন ফরম পূরণ করতে পারবে।

(খ) আবেদনকারীকে অবশ্যই মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/ সমমান/ ডিপ্লোমা পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ ২.০০ পেতে হবে।

(গ) আবেদনকারীকে ২০১৭/২০১৮ সালের উচ্চ মাধ্যমিক/সমমান এবং ২০১৫/২০১৬ সালের মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

(ঘ) স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তিচ্ছু বিষয়টি অবশ্যই উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পঠিত থাকতে হবে এবং উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম জি.পি.এ ৩.০০ পেতে হবে। ভর্তিচ্ছু বিষয়টি উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পঠিত না থাকলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ের সমগোত্রীয় বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম জি.পি.এ ৩.০০ পেতে হবে।

(ঙ) ২০১৫/২০১৬ সালের O-Level পরীক্ষায় ৩ টি বিষয়ে B গ্রেড ও অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৬/২০১৭ সালে A-Level পরীক্ষায় ১ বিষয়ে B গ্রেড ও অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০১৭/২০১৮ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে। এ সকল প্রার্থী ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর এর সঙ্গে সরাসরি যোগাযোগ করবে।

**২। প্রয়োজনীয় কাগজ পত্র ঃ**

(ক) এস.এস.সি ও এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাশের নম্বরপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও রেজিষ্ট্রেশন কার্ডের ফটোকপি -০১ টি করে। অনলাইন আবেদন ফরমের প্রিন্ট কপির সঙ্গে সংযুক্ত করে জমা দিতে হবে।

(খ) ওয়েবসাইটে আবেদন ফরম পূরণ করার সময় আবেদনকারীর পাসপোর্ট সাইজের রঙিন ছবি (ছবির মাপ ১২০×১৫০ পিক্সেল, ফাইল সাইজ সর্বচ্চো ৫০ kb হতে হবে )স্ক্যান করে আপলোড করতে হবে।

**৩। Online- এ ভর্তির আবেদন ফরম পূরনের নিয়মাবলি ঃ**

(ক) নির্দিষ্ট ওয়েবসাইট (www.nu.edu.bd/admissions) এ গিয়ে আবেদনকারীকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, বোর্ডের নাম, পাশের সন ও কলেজের নাম সঠিকভাবে এন্ট্রি করতে হবে।

(খ) আবেদনকারীকে তাদের পছন্দ অনুযায়ী কলেজ নির্ধারণ করে সবকয়টি Eligible বিষয়ে প্রার্থীত পছন্দক্রম দিয়ে ভর্তি ফরম পূরণ করতে হবে। আবেদনকারীকে সতর্কতার সাথে ভর্তি ফরমে বিষয়ের পছন্দক্রম দিতে হবে। ভর্তি ফরমে পছন্দক্রম নির্ধারণ করে Submit করা হলে পরবর্তীতে তা আর পরিবর্তন করা যাবে না।

(গ) একজন প্রার্থী তার পছন্দ অনুযায়ী শুধুমাত্র একটি কলেজ থেকেই ভর্তির জন্য আবেদন করতে পারবে। ভর্তি ফরমে যে কলেজ কোড ব্যবহার করবে আবেদনকারীকে সেই কলেজেই ভর্তির আবেদন ফরম জমা দিতে হবে।

(ঘ) সঠিক তথ্য সহকারে আবেদন ফরম পূরণ করে Send করা হলে আবেদনকারীর নাম ও ভর্তি পরীক্ষার রোল নম্বরসহ একটি নতুন আবেদন ফরম কম্পিউটার স্ক্রিনে দেখা যাবে। উক্ত ফরমটি সরাসরি অথবা ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

(ঙ) আবেদন ফরমে যে কোন ভুল তথ্য সরবরাহ করা হলে ভর্তি পরীক্ষার ফলাফল/ ভর্তি বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

**(চ) আবেদন ফরমের মূল্য বাবদ ২৫৭/- টাকা ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং এর ৩২৭ বিলার আইডিতে জমা দিয়ে টাকা জমাদানের TXN নং সহ আবেদন ফরম পরীক্ষা শাখায় মোঃ আব্দুল মান্নান-এর নিকট জমা দিতে হবে।**

**৩২৭ বিলার আইডিতে টাকা জমাদানের নিয়মাবলি : বিজ্ঞান শাখার ক্ষেত্রেঃ ১৮১৯০১০১ এর পর অনার্স ভর্তির রোল নম্বর সঠিক ভাবে লিখতে হবে।**
**মানবিক শাখার ক্ষেত্রেঃ ১৮১৯০১০২ এর পর অনার্স ভর্তির রোল নম্বর সঠিক ভাবে লিখতে হবে।**
**ব্যবসায় শিক্ষা শাখার ক্ষেত্রেঃ ১৮১৯০১০৩ এর পর অনার্স ভর্তির রোল নম্বর সঠিক ভাবে লিখতে হবে।**

বি. দ্র. : ভুল রোল নম্বরে/বিলার আইডিতে টাকা প্রদান করলে ভর্তি ফরম সাবমিট না হলে তার জন্য কর্তৃপক্ষ দায়ি থাকবে না।

অধ্যক্ষ
নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।